



www.liberalbd.org

লিবারেল পার্টি বাংলাদেশ

৪৩৫ বড় মগবাজার, ৪র্থ তলা, গুয়ারলেস রেলগেট, ঢাকা-১২১৭।
ফোন: ৯৩৬০৭৭৪। ই-মেইল: libpartybd@gmail.com



তারিখ: ২৮ জুন ২০০৭ ইং

লিবারেল পার্টি ২০০০ সাল থেকেই সংস্কারের কথা বলছে আর নিজেরাও করছে।
সরকার ভুল করলে বেদনাদায়ক পরিনতি হবে।

-----লিবারেল পার্টি বাংলাদেশ

বর্তমান সরকার এবং নির্বাচন কমিশন যেসকল বিষয়ে সংস্কার আশা করছে এবং প্রতিনিয়ত অরাজনৈতিক হয়েও রাজনৈতিক কৌশল প্রয়োগ করছে, এসকল বিষয় লিবারেল পার্টি বাংলাদেশের কাছে বহু পুরনো বিষয়। লিবারেল পার্টি এ সকল সংস্কার কর্ম ২০০০ সাল থেকেই শুরু করেছে।

লিবারেল পার্টি বাংলাদেশের নির্বাহী কেবিনেট চেয়ারম্যান মো: সাইফুল ইসলাম, নির্বাহী প্রেসিডেন্ট এডভোকেট নূরুল ইসলাম, মহাসচিব আফজালুল হক সিকদার এবং অতিরিক্ত মহাসচিব শহীদুল ইসলাম দুলাদুল এক যুক্ত বিবৃতিতে একথা বলেছেন। সরকারের চিন্তা চেতনায় এখনো অনেক অপরিপক্বতার ছোয়া রয়েছে বলে লিবারেল পার্টি নেতৃবৃন্দ মনে করেন।

লিবারেল পার্টি নেতৃবৃন্দ বলেন, ১ম জাতীয় কনভেনশন ২০০০ এ লিবারেল পার্টি সর্ব প্রথম

- তাদের অডিট রিপোর্ট প্রকাশ করে।
- পাশকৃত রেজুলেশনে মহিলাদের সকল স্তরে ৩০% মনোনয়ন বা নির্বাচন দাবী করে। এমনকি সংসদ সদস্য মনোনয়নের বেলাতেও এই হার বজায় রাখা বাধ্যতামূলক করার আহ্বান জানায়।

এছাড়াও ২০০৬ সালের পার্টি সংবিধান সংশোধনীতে যে বিষয়গুলো প্রতিস্থাপিত হয় তা হলো:

- পার্টি প্রেসিডেন্ট সহ গুরুত্বপূর্ণ পদগুলোতে ২ মেয়াদ এর বেশী না থাকার বিধান।
- পার্টির মধ্যে পার্লামেন্টারী প্রাকটিশ এর বিধান।
- পার্টিতে জবাবদিহিতা ব্যুরো প্রতিষ্ঠা, এবং ব্যুরোকে স্বাধীন ও ক্ষমতাবান করা।
- পার্টিতে সংসদীয় এলাকা ভিত্তিক লিডারশীপ তৈরীর বাস্তব কাঠামো গঠন।
- সাবেক পার্টি লিডার ও সাবেক প্রেসিডেন্ট দের মর্যাদাপূর্ণ এবং ক্ষমতাসমপন্ন বিভিন্ন পদ অটোমেটিক প্রাপ্তির ব্যবস্থা।



www.liberalbd.org

লিবারেল পার্টি বাংলাদেশ

৪৩৫ বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়ারলেস রেলগেট, ঢাকা-১২১৭।
ফোন: ৯৩৬০৭৭৪। ই-মেইল: libpartybd@gmail.com



নেতৃবৃন্দ মনে করেন যে সরকারী সুযোগ, অর্থপ্রাপ্তির সুযোগ এবং মিডিয়ার সহযোগিতার সুযোগ এর এক হাজার ভাগের এক ভাগ পেলেও লিবারেল পার্টির মত দলের টিকিটি স্পর্শ করার মত সুযোগ কোন দলের হতো না।

তার পরেও লিবারেল পার্টি সরকারের সংস্কারের আন্তরিকতার জন্য সাধুবাদ জানান তবে এর স্থায়িত্ব নিয়ে সন্দেহ প্রকাশ করেন এই জন্য যে আগামীতে রাজনৈতিক সরকার গুলোই নিজেদের স্বার্থে লোভ চরিতার্থ করতেই জনগনের অজ্ঞাতসারে একে একে সুবিধামত আইন পরিবর্তন করবে।

লিবারেল পার্টি নেতৃবৃন্দ বলেন এতদিনের সুবিধাভোগীরাই মূলত: আজ সংস্কারের নামে ল্যাং মারামারিতে নেমেছে ; এদের অধিকাংশেরই রাজনৈতিক জীবন দুর্নীতিমুক্ত নয়।

নেতৃবৃন্দ বলেন, লিবারেল পার্টির প্রতিষ্ঠাতা ও লিডার শেখ মহিউদ্দিন আহমেদ আগামী দিনে কলুষমুক্ত রাজনীতিবিদ গড়ার কাজে হাত দিয়েছেন, তবে এ প্রকল্প দীর্ঘমেয়াদী ; এখানে নগদ লাভের কোন সুযোগ নাই এবং দুর্নীতিবাজদের বংশধরদের যথাসম্ভব এ প্রকল্পে অন্তর্ভুক্তি প্রতিহত করে হবে। শেখ মহিউদ্দিন আহমেদ ২০০৬ সালের ২৬ অক্টোবরেই এক বিবৃতিতে ইংগিত করেছিলেন সামন্ততান্ত্রিক আর জাতীয়তাবাদীদের দ্বারা লিবারেল গনতান্ত্রিক রাজনীতি সম্ভব নয়।

লিবারেল পার্টি নেতৃবৃন্দ বলেন বর্তমান সামরিক বাহিনী সমর্থিত সরকার ব্যর্থ হলে বা কোন ভুল করলে আগামীতে জাতি বেদনাদায়ক পরিনতির প্রত্যক্ষ ঐতিহাসিক স্বাক্ষী হতে বাধ্য হবে। তাই যেকোন জনকল্যানকামী পদক্ষেপ নিঃশংক চিন্তে গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক-

আবুল বাশার পাটোয়ারী
দপ্তর সম্পাদক।